



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

বেসরকারি কলেজ শাখা

[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

ঢাকা



জরুরি

তারিখ: ৮ মাঘ ১৪২৮

২২ জানুয়ারি ২০২২

**বিষয়:** করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯ এর বিভাগ রোধকর্ত্ত্বে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন স্কুল ও কলেজের সামগ্রিক কার্যক্রম পরিচালনার অন্য নির্দেশনা।

**সূত্র:** (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৮.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪১; তারিখ- ২১/০১/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন স্কুল ও কলেজ কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিভাগ রোধকর্ত্ত্বে নির্দেশনাসমূহ যথাযথভাবে মেনে সামগ্রিক কার্যক্রম পরিচালনা করতে হবে:-

- ১। আগামী ৬ ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত সশরীরে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে;
- ২। এ সময়ে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বাস্তবতার ভিত্তিতে অনলাইন/ভার্চুয়াল প্ল্যাটফরম-এ শিখন-শেখানো কার্যক্রম অব্যাহত রাখবে;
- ৩। যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড ১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান থাকবে; এ ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক অফিস, জেলা শিক্ষা অফিস ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস স্থানীয় প্রশাসন ও সিভিল সার্জনের সাথে সমন্বয় অব্যাহত রাখবে;
- ৪। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধকালীন শ্রেণি কক্ষ, গ্রন্থাগার, গবেষণাগারসহ প্রতিষ্ঠানের সকল বিদ্যুৎ, টেলিফোন, ইন্টারনেট,পানি এবং গ্যাস সংযোগ নিরবচ্ছিন্ন ও নিরাপদ রাখতে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে;
- ৫। এ সময় শিক্ষা প্রতিষ্ঠানের সকল সম্পদ রক্ষণাবেক্ষণ ও সামগ্রিক নিরাপত্তার বিষয়টির প্রতি বিশেষ গুরুত দিতে হবে;
- ৬। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানের জরুরি প্রয়োজনে স্বাস্থ্য বিধি প্রতিপালনপূর্বক শিক্ষক ও কর্মচারীদের দায়িত্বে নিয়োজিত রাখতে পারবেন;
- ৭। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রাবাস/ছাত্রিনিবাসে বৈধ আবাসিক শিক্ষার্থীরা অবস্থান করছে তাদের সুবিধার্থে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ছাত্রাবাস/ছাত্রিনিবাসসমূহ খোলা থাকবে। তবে সংশ্লিষ্ট সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলতে হবে;
- ৮। অধিদপ্তরের অধীন সকল দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীর অবশ্যই টিকা সনদ গ্রহণ করতে হবে;
- ৯। শিক্ষা প্রতিষ্ঠানের কার্যালয় যথাযোগ্য চালু থাকবে; সেখানে স্বাস্থ্যবিধি মেনে দৈনন্দিন কার্যক্রম পরিচালিত হবে;
- ১০। জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি ক্লাড়া সমিতির আয়োজনে দেশের বিভিন্ন অঞ্চলে চলমান ক্লাড়া প্রতিযোগিতা পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত থাকবে।
- ১১। শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

এমতাবস্থায়, কেভিড১৯ সংক্রমণ রোধে সরকার ঘোষিত সকল স্বাস্থ্য বিধি ও অন্যান্য বিধি নিষেধ যথাযথভাবে প্রতিপালনপূর্বক পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-১-২০২২

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী

মহাপরিচালক (বুটিন দায়িত্ব)

বিতরণ :



১  
রাউজান আর.আর.এ.সি.মডেল সরকারি হাই স্কুল  
রাউজান, চট্টগ্রাম।

সূত্র: আরআরএসি/

তারিখ : ২১/০১/২০২২ খ্রি:

# জরুরী বিজ্ঞপ্তি

সরকারি নির্দেশে  
২১ জানুয়ারি ২০২২ থেকে  
০৬ ফেব্রুয়ারি ২০২২  
তারিখ পর্যন্ত বিদ্যালয়ের  
সকল ধরণের শ্রেণি  
কার্যক্রম বন্ধ থাকবে।  
খোলার তারিখ পরবর্তীতে  
জানিয়ে দেয়া হবে।

প্রধান শিক্ষক